

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭০.১৮- ৫৭০

তারিখঃ ১৯ কার্তিক ১৪২৬  
০৪ নভেম্বর ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১৫৬২৭/২০১৭ মামলায় ০৬/১১/২০১৭ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশের বিষয়ে গৃহীত ব্যবস্থা টিএমইডিকে অবহিতকরণ।

সূত্র: (১) দারুলফালাহ ফাযিল মাদ্রাসা, বেগমগঞ্জ, নোয়াখালী এর অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন তারিখ: ১২.০৭.২০১৮ খ্রি।  
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭০.১৮-৩৫৬ তারিখ: ১৫.১০.২০১৮ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন দারুলফালাহ ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের গভর্ণিং বডি (ট্রাস্ট) বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের বিষয়ে ২৪/০৫/২০১৭ খ্রি. তারিখের আবেদন নিষ্পত্তির দাবী করে হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫৬২৭/২০১৭ দায়ের করা হয়।

০২। বর্ণিত রিট মামলার গত ০৬/১১/২০১৭ খ্রি. তারিখের আদেশে বাদী কর্তৃক ২৪/০৫/২০১৭ তারিখে দাখিলকৃত আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য রেসপনডেন্ট নং-২ (রেজিস্ট্রার, ইসলামী আরবী বিশ্ববিদ্যালয়) এর প্রতি নির্দেশনা দেয়া হয়েছে। আদেশটি নিম্নরূপ:

Pending hearing of the Rule, the responding No. 2 is directed to dispose of the application dated 24.05.2017 as evident from Annexure -I within 30 (thirty) days from the date of receipt of a copy of this order, in accordance with law.

০৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৫৬২৭/২০১৭ এর ০৬/১১/২০১৭ খ্রি. তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ অনুযায়ী বাদী কর্তৃক গত ২৪.০৫.২০১৭ তারিখের দাখিলকৃত আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তিক্রমে ৩১.১০.২০১৮ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিতির (প্রমাণকসহ) জন্য সূত্রে বর্ণিত (২) নং স্মারকমূলে অনুরোধ করা হলেও দীর্ঘ ১৬০ দিন অতিক্রান্ত হওয়া সত্ত্বেও নিষ্পত্তি সংক্রান্ত প্রমাণক পাওয়া যায়নি বিধায় আগামী ২১.১১.১৯ তারিখের মধ্যে নিষ্পত্তি সংক্রান্ত প্রমাণক টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে ২য় বারের মতো বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৪১০৫০১৫৭

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

বাড়ী নং-১২৪/২২, ব্লক-এ, সড়ক নং-০৩

পশ্চিম ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার,ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ, ইস্কাটন রোড, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অফিস কপি/মাস্টার কপি।